তারিখ 15 OCT 2016 পৃষ্ঠা ৪ কলাম ৫

## বরিশাল বিশ্ববিদ্যালয়

# ছাত্রদলের প্রথম কমিটি নিয়ে ক্ষোভ, অসন্তোষ

**বরিশাল ব্যুরো**

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) বিএনপির ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলের প্রথম কমিটি ঘোষণা হয়েছে গত বৃহস্পতিবার। রেজা শরীফকে সভাপতি ও হাসান আল হাসিবকে সাধারণ সম্পাদক করে ২৫ সদস্যের কমিটি ঘোষণা করে কেন্দ্রীয় কমিটি। ২০১১ সালে শিক্ষা কার্যক্রম শুরু হওয়া ববিতে এটিই ছাত্রদলের প্রথম কমিটি। এ কমিটি ঘোষণার পরপরই শুরু হয়ে গেছে আলোচনা-সমালোচনা। ক্ষুব্ধ হয়ে উঠেছেন একাংশের নেতারা। এরই মধ্যে সদ্যঘোষিত কমিটির সিনিয়র সহসভাপতিসহ তিন নেতা পদত্যাগের ঘোষণাও দিয়েছেন।

ববি ছাত্রদলের নেতাকর্মী ও সাধারণ শিক্ষার্থীরা জানান, বিশ্ববিদ্যালয় চালুর পর থেকে সমাজবিজ্ঞান বিভাগের ছাত্র ফয়সাল খান ক্যাম্পাসে ছাত্রদলকে সংগঠিত করেন। তিন বছর আগে ফয়সাল খানকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়। তবু সংগঠনের প্রতি তার অবদান বিবেচনা করে তাকে কমিটিতে সিনিয়র সহ-সম্পাদক বানানো হয়। এতে তিনি সন্তুষ্ট হতে পারেননি। প্রাপ্ত পদ নিয়ে অসন্তোষ রয়েছে যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান তুষার ও হাবিবুর রহমানেরও। তারা তিনজন ছাত্র রাজনীতি থেকে বিদায় নেবেন বলে জানিয়ে পদত্যাগের ঘোষণা দিয়েছেন।

এ প্রসঙ্গে ফয়সাল খান জানান, আজ শনিবার তিনি কেন্দ্রীয় নেতাদের কাছে পদত্যাগপত্র পাঠাবেন। তার কর্মকাণ্ড বিবেচনায় সভাপতি বা সাধারণ সম্পাদক পদ দেওয়া উচিত ছিল মন্তব্য করে ফয়সাল বলেন, তার প্রতি অবিচার করা হয়েছে।

যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান বলেন, নতুন কমিটিতে ত্যাগী নেতাকর্মীদের মূল্যায়ন করা হয়নি। তিনি এ জন্য ছাত্রদলের কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক আবদুর রহিম হাওলাদার সেতুকে দায়ী করে বলেন, তার প্রতি (সেতু) আস্থাভাজনদের কমিটিতে পদ দেওয়া হয়েছে।

বরিশাল মহানগর ছাত্রলীগ সভাপতির আস্থাভাজন কয়েকজনও ছাত্রদলের কমিটিতে ঠাঁই পেয়েছেন বলে অভিযোগ করেন হাবিবুর রহমান। ছাত্রদলের অনেক নেতাকর্মী অভিযোগ করেন, বরিশাল মহানগর বিএনপির সভাপতি ও কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক মজিবর রহমান সরোয়ার এবং কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিলকিস আক্তার জাহান শিরিনের অনুসারীদের নিয়ে ববি ছাত্রদলের কমিটি গঠন করা হয়েছে।